তারিখ 23 FEB 2017
পৃষ্ঠা ৬ কলাম ৭

### ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমি

# কোর্স সম্পন্ন করল ষষ্ঠ ব্যাচের ৭৫ ক্যাডেট

নিজস্ব প্রতিবেদক ▷

ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমির ষষ্ঠ ব্যাচের ৭৫ জন ক্যাডেট সাফল্যে সঙ্গে তাদের কোর্স সম্পন্ন করেছে। কোর্স সম্পন্ন করায় গতকাল বুধবার একাডেমির স্থায়ী ক্যাম্পাস গাজীপুরের পুবাইলে এক জাকজমকপূর্ণ অনুষ্ঠানে তাদের বিদায় দেওয়া হয়। নটিক্যাল এবং ইঞ্জিনিয়ারিং বিভাগ থেকে এই ক্যাডেটরা উত্তীর্ণ হয়েছে।

বেসরকারি মেরিটাইম প্রশিক্ষণের ক্ষেত্রে এটাই হচ্ছে প্রথম প্রতিষ্ঠান। ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমি প্রথম ব্যাচ পাসিং আউট সিরিমনি উদযাপন করেছিল ২০১০ সালে। বর্তমানে সপ্তম ব্যাচে ২৫ জন এবং তৃতীয় ব্যাচে ৪৮ জন প্রশিক্ষণরত রয়েছে। ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমীর প্রশিক্ষণ সমুদ্র পরিবহন অধিদপ্তরের অনুমোদিত পাঠ্যক্রম অনুযায়ী হচ্ছে। ক্যাডেটরা দুই বছরের প্রশিক্ষণ শেষে ক্যাডেট হিসেবে মেসার্স হক অ্যান্ড সন্স ব্যবস্থাপনায় বিখ্যাত বিদেশী কম্পানিতে যোগদান করবেন। ক্যাডেটরা আর্ন্তজাতিক স্কেলে বেতন পাবেন। তবে তাদেরকে সার্টিফিকেট অফ প্রফিসিয়েন্সি পরীক্ষায় অংশ গ্রহণের আগে এক বছরের জন্য সামুদ্রিক জাহাজে কাজ করতে হয়।

ষষ্ঠ ব্যাচের বিদায়ী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নৌ পরিবহণ মন্ত্রী শাজাহান খান । বিশেষ অতিথি ছিলেন মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী বেগম মেহের আফরোজ চুমকি, নৌ পরিবহন মন্ত্রনালয়ের সচিব অশোক মাধব রায় এবং সমুদ্র পরিবহন অধিদপ্তরের মহাপরিচালক কমডোর সাইদ আরিফুল ইসলাম। সম্মানীয় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিভিন্ন দেশের অ্যাম্বেসেডর, ডেপুটি কনসাল জেনারেলসহ বিভিন্ন কম্পানির উর্ধ্বতন কর্মকর্তারা।

ষষ্ঠ ব্যাচে সার্বিক কৃতিত্বের জন্য স্বর্ণপদক পেয়েছেন ক্যাডেট মিনহাজ উদ্দিন আহমেদ চৌধুরী। শ্রেষ্ঠ নটিক্যাল ক্যাডেট হিসাবে সিলভার পদক প্রাপ্ত পেয়েছেন ক্যাডেট রাজু আহমেদ। ক্যাডেট তানজির আহাম্মেদ শ্রেষ্ঠ ইঞ্জিনিয়ার ক্যাডেট হিসেবে সিলভার পদক পেয়েছেন।

গতকাল একাডেমির আট হাজার স্কয়ার ফিট ওয়ার্কশপের শুভ উদ্বোধন করেন নৌ পরিবহন মন্ত্রী। প্রতিষ্ঠানের কমান্ড্যান্ট, ক্যাপ্টেন জাকি আহাদ তার শুভেচ্ছা ভাষণে সম্মানিত অতিথিদেরকে মেরিটাইম শিক্ষা প্রসার ও অগ্রগতি সম্পর্কে অবহিত করেন। তিনি এ প্রতিষ্ঠানের প্রশিক্ষণের সুযোগ সুবিধা সম্পর্কে অতিথিদেরকে অবহিত করেন।

> বেসরকারি মেরিটাইম প্রশিক্ষণের ক্ষেত্রে এটাই হচ্ছে প্রথম প্রতিষ্ঠান। ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমি প্রথম ব্যাচ পাসিং আউট সিরিমনি উদ্‌যাপন করেছিল ২০১০ সালে

প্রধান অতিথি তার বক্তব্যে জাতির উন্নয়নে বেসরারি খাতের মেরিটাইম প্রশিক্ষণের গুরত্ব ও অবদানের চিত্র তুলে ধরেন এবং দক্ষ মেরিন জনশক্তি গড়ে তোলায় ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমিকে অভিবাদন জানান।

অনুষ্ঠানে জাহাজের মালিকরা নিশ্চিত করেন যে, ভবিষ্যতে বাংলাদেশি অফিসারদেরকে গুরত্বপূর্ণ দায়িত্ব প্রদানসহ অধিক সংক্ষক ক্যাডেট এবং অফিসার নিয়োগ অব্যাহত রাখবে। অনুষ্ঠান শেষে একাডেমির পরিচালক রুস্মানা চৌধুরী সবাইকে ধন্যবাদ জানান।